ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৬৭১

আগরতলা, ১ সেপ্টেম্বর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"ডবল ইঞ্জিন সরকারের নগ্নচিত্র ধ্বংসস্তূপে পরিণত শিক্ষা স্বাস্থ্য, সেচ ও নিরাপত্তা," এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ১৪ আগস্ট, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদটির পরিপ্রেক্ষিতে কাঞ্চনপুর মহকুমা স্বাস্থ্য আধিকারিক কর্তৃক প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, যদিও সকল পিএইচসি, সিএইচসি ও এসডিএইচ-এ মেডিক্যাল স্টাফের ঘাটতি একটি বাস্তব সমস্যা, তবুও কাঞ্চনপুর সাব-ডিভিশনাল হাসপাতাল(এসডিএইচ)-এ বর্তমানে মোট ৮ (আট) জন মেডিক্যাল অফিসার কর্মরত রয়েছেন, যা হাসপাতালের স্বাভাবিক চিকিৎসা কার্যক্রম সচল রাখতে যথেষ্ট।

সংবাদপত্রে ওষুধ স্বল্পতা সংক্রান্ত বিষয় নিয়ে যে অভিযোগ করা হয়েছে, তা ভিত্তিহীন। কাঞ্চনপুর মহকুমার অন্তর্গত সরকারের সরবরাহকৃত সব ধরনের ওষুধ পর্যাপ্তভাবে মজুদ আছে। এবি-পিএমজেএওয়াই ও জেএসএসকে স্কিমের আওতাধীন সকল রোগীদেরকে বিনামূল্যে ওষুধ প্রদান করা হচ্ছে। সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানে জরুরী জীবন রক্ষাকারী ওষুধও সহজলভ্য রয়েছে। রেফারেল প্রক্রিয়া সংক্রান্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শুধুমাত্র গুরুতর ও জটিল রোগীদের ক্ষেত্রে জেলা হাসপাতালে রেফার করা হয়। বাকিদের স্থানীয়ভাবে চিকিৎসা প্রদান করা অ্যাম্বুলেন্স পরিষেবা সংক্রান্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২৪ ঘণ্টা অ্যাম্বুলেন্স পরিষেবা চালু রয়েছে এবং প্রয়োজনে রোগী পরিবহনের জন্য তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা হয়। সার্বিকভাবে, কাঞ্চনপুর মহকুমায় স্বাস্থ্যসেবা যথাযথ ভাবে পরিচালিত হচ্ছে এবং জনগণের জন্য গুণগত স্বাস্থ্যসেবা প্রদান নিশ্চিত করা হয়েছে। এদিকে, দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে যে, মানসম্পন্ন স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে কাঞ্চনপুর মহকুমার অন্তর্গত স্বাস্থ্যকেন্দ্রগুলোতে সাবোয়াল ও ভান্ডারিমা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসারদের নিয়োগের প্রক্রিয়া শেষ হবার পর পোস্টিং দেওয়া হবে।

******